# চুনারুঘাট পৌরসভা কার্যালয়
## চুনারুঘাট, হবিগঞ্জ।

**পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তার জন্য গঠিত কমিটির সভার কার্যবিবরণী :**

সভাপতি : মোঃ জিয়াউর রহমান
প্রশাসক, চুনারুঘাট পৌরসভা
সভার তারিখ ও সময় : ৩১.০৩.২০২৬ খ্রিষ্টাব্দ, বেলা ১২.০০টা

সভার স্থান : সভাকক্ষ, চুনারুঘাট পৌরসভা।

সভায় উপস্থিতি : পরিশিষ্ট 'ক' সন্নিবেশিত

সভাপতি উপস্থিত সকল সদস্য ও পৌরসভার কর্মকর্তা-কর্মচারীগনকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে পৌরসভার হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোহাম্মদ লিয়াকত আলী বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতপর: সভায় আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | পৌরসভার বিভিন্ন কর ফি ইত্যাদি রাজস্ব আদায় সংক্রান্ত। | সভায় হিসাবরক্ষণ কর্মকর্তা বিগত মাসে পৌরসভার হোল্ডিং ট্যাক্স, ট্রেড লাইসেন্স ফি, যানবাহন কর ও অন্যান্য খাতে রাজস্ব আদায়ের তথ্য/হিসাব বিবরনী উপস্থাপন করেন। উপস্থাপিত হিসাব বিবরণী সভায় পর্যলোচনা করা হয়। হিসাবরক্ষণ কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, অত্র পৌরসভায় চলমান IUGIP প্রকল্পটি Result Based Lending এবং DLI ভিত্তিক হওয়ায় প্রকল্পের আওতায় প্রনীত UGIAP এ বর্ণিত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের বাধ্যবাধকতা রয়েছে। তন্মধ্যে হোল্ডিং ট্যাক্স নূন্যতম ৮০% এবং নন ট্যাক্স রাজস্ব দাবীর নূন্যতম ৯০% আদায় করতে হবে। পৌরসভার নিজস্ব রাজস্ব বাজেটের আওতায় Poverty Redution Action Plan (PRAP) খাতে নূন্যতম ১% , Gender Equation and Social Inclusion Action Plan (GESIAP) খাতে নূন্যতম ১% এবং O & M খাতে মোট রাজস্ব বাজেটের নূন্যতম ২৫% অর্থ ব্যয় করতে হবে। অন্যথায় পৌরসভা প্রকল্প সহায়তা থেকে বাদ পড়তে পারে। নাগরিক সেবার এ সকল খাতের ব্যয় নির্বাহের জন্য পৌরসভার রাজস্ব আদায় বৃদ্ধি অব্যাহত রাখতে হবে।<br><br>সভাপতি বলেন, পৌরসভার হোল্ডিং, নন-হোল্ডিং ট্যাক্স/রাজস্ব আদায়ের হার আরো বৃদ্ধির জন্য সকলকেই আরো তৎপর হতে হবে। পৌরসভার পাওনা বিভিন্ন কর, ফি রেইটস ইত্যাদি আদায়ের জন্য জোরালো ব্যবস্থা গ্রহন করতে হবে এবং কমিটির সকলকেই আদায় কার্যক্রমে সার্বিক সহযোগিতা এবং নিয়মিত তদারকী করতে হবে।<br><br>**সিদ্ধান্ত :** বকেয়াসহ হালসনের হোল্ডিং ট্যাক্স, ট্রেড লাইসেন্স ফি, অযান্ত্রিক যানবাহনের লাইসেন্স ফি, ইমারত নির্মান ফি, ও অন্যান্য কর , ফি, রেইটস্ ইত্যাদি আদায়ের জন্য করদাতাদেরকে তাগাদাপত্র প্রদান, মাইকিং এবং টিম গঠন করে হোল্ডিং ট্যাক্স ও নন হোল্ডিং রাজস্ব আদায় কার্যক্রম পরিচালনা করতে হবে। অন্তর্বর্তীকালীন এসেসমেন্টের মাধ্যমে বাদপড়া ও নতুন, নতুন হোল্ডিং এর কর ধার্য ও আদায় করতে হবে। তাছাড়া আদর্শ কর তফসিল ২০১৪ (সংশোধনী ২০১৭) এর আলোকে নতুন নতুন উৎস/খাত হতে কর/ফি আদায়ের ব্যবস্থা গ্রহন করতে হবে। | (ক) প্রশাসক<br>(খ) পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাব রক্ষণ কর্মকর্তা<br>(গ) উপ সহকারী প্রকৌশলী<br>(ঘ) কর আদায়কারী<br>(ঙ) বিভিন্ন সনদপত্র প্রস্তুত কাজে দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সহকারীগন। |

| | | | |
|---|---|---|---|
| ০২ | উন্নয়নমূলক কর্মকান্ড সংক্রান্ত : | (ক) সভায় উপসহকারী প্রকৌশলী জনাব টিটন দাশ জানান যে, এডিপি, কোভিড-১৯, IUGIP প্রকল্পের আওতায় পূর্বে গৃহীত উন্নয়ন প্রকল্পের কাজ চলমান আছে।<br><br>(খ) উপসহকারী প্রকৌশলী জনাব টিটন দাশ জানান যে, বিগত সভার সিদ্ধান্তে আলোকে প্রশাসক মহোদয়ের সাথে পরামর্শক্রমে ২০২৫-২০২৬ অর্থ বছরের উন্নয়ন সহায়তা (এডিপি) খাতে সাধারণ বরাদ্ধ/ বিশেষ বরাদ্ধের অর্থে বাস্তবায়নের জন্য নিম্নোক্ত প্রকল্পসমূহ বাছাই করা হয়েছে। তিনি প্রকল্পের তালিকা এবং প্রাক্কলন সভায় উপস্থাপন করেন। | (ক) প্রশাসক<br>(খ) উপ সহকারী প্রকৌশলী (সকল) সহায়ক কমিটি। |

প্রকল্প এবং প্রাক্কলের বিবরণ :

| ক্রঃ নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য (টাকা) |
|---|---|---|
| ০১ | Proposed Construction of CC road and Brick X-drain at, Gogaura Saker Mohammad Road to Gogaura Hafizia Sunnia Madrasha via Zahir Islam Choudhury House. Ward no-01, Under Chunarughat Pourashava, Habiganj. | ৫,৬৮,৩১০.০৫ |
| ২ | Installation of 09 (Nine) Nos. Submersible Tube Well in different Place of Ward no- 1-9, Under Chunarughat Pourashava, Habiganj. | ৬,০৪,৫৭০.৭৭ |
| ৩ | Proposed Construction of RCC Road at Old Dhaka – Sylhet Highway Road to Upazila Livestock Office and Veterinary Hospital. Ward no-02, Under Chunarughat Pourashava, Habiganj. | ৩,০৫,৭৩৪.৮৪ |
| ৪ | Proposed Construction of CC Road at Barial, LGCRRP RCC Road end point to Md Zahir Mia house. Ward no-02, Under Chunarughat Pourashava, Habiganj. | ৪,৫৭,৭৪৭.৩৪ |
| ০৫ | Proposed Construction of CC Road at Barail Ex-Mayor Mohammod Ali House Road, Majedul Islam Lobon house to Samsul Haque house front Ward no-02. Under Chunarughat Pourashava, Habiganj. | ৩,১৫,৫২৬.৯৪ |
| ০৬ | a) Proposed Construction of Brick Drain at North Hatunda, Gafur Muhuri house to Khorshed Mia house North side. Ward no-03, Under Chunarughat Pourashava, Habiganj. b) Proposed Construction of CC Road at Hatunda, from Mir Nizam Uddin house to Shabuj Ali Mir house. Ward no-03, Under Chunarughat Pourashava, Habiganj. c) Proposed Construction of CC Road at Hatunda, from Mostafa Shahid Talukder house to Taher Mia house. Ward no-03, Under Chunarughat Pourashava, Habiganj. | ৩,৩৫,১৮০.৫০ |
| ০৭ | a) Proposed Construction of CC road and brick palisading at Noyani govt. primary school road to Haji Seyed Ullah house. Ward no-04, Under Chunarughat Pourashava, Habiganj. b) Proposed Construction of CC Road at Noyani BC Road to Haji Abdul Hai house end point. Ward no-04, Under Chunarughat Pourashava, Habiganj. | ৫,২৬,১৮৭.০২ |
| ০৮ | a) Proposed Construction of CC road and Brick drain at Basudev Mondir RCC road, Amulla Roy house to Ram Sankar Bhattacharya house. Ward no-04, Under Chunarughat Pourashava, Habiganj. b) Proposed Construction of CC road and Brick X-drain at South-West Noyani Purur Baper Bari to Ripon House. Ward no-04, Under Chunarughat Pourashava, Habiganj. | ৩,৬৯,১৯৪.০৪ |



CamScanner

| | | |
|---|---|---|
| ০৯ | a) Proposed Construction of Brick Drain at Hatunda from Primary School Road to Samru Monjil house. Ward no-09, Under Chunarughat Pourashava, Habiganj. b) Proposed Construction of RCC Road Approach at Hatunda Hospital back side. Ward no-05, Under Chunarughat Pourashava, Habiganj. | ৪,৮০,১৬৩.৬২ |
| ১০ | a) Proposed Construction of CC road, Brick Drain and Brick X-drain at Ex. Women Councilor Bokul House to Channar Khal Culvert via Baitur Rahman Jame Mosque front. Ward no-05, Under Chunarughat Pourashava, Habiganj. b) Proposed Construction of CC Road at MohammadiaAbasik Area, Safat Ullah house to Basir Choudhury house front. Ward no-05, Under Chunarughat Pourashava, Habiganj. | ৪,২৯,২১০.২৬ |
| ১১ | Proposed Construction of Brick Drain at, Balla Road, Alia Madrasha tower near Sohel Mia Land front to Haji Atahar Ali house ending point. Ward no-06, Under Chunarughat Pourashava, Habiganj. | ৪,৬৪,৫৬১.৯৯ |
| ১২ | a) Proposed Construction of CC Road at Pakuria Shing Para, Talukder house Road to Rasel Talukder house. Ward no-07, Under Chunarughat Pourashava, Habiganj. b) Proposed Construction of Brick Drain at Chandana Balla Cross Road, Nurjahan Begume house to Siraj Ali Mir house. Ward no-06, Under Chunarughat Pourashava, Habiganj. | ৩,৩৯,৮৮৬.৬০ |
| ১৩ | Proposed Construction of CC Road and Brick Drain at Pakuria, Askir Bhandari House to Amir Hossen Shamim House. Ward no-07, Under Chunarughat Pourashava, Habiganj. | ৩,৯৩,৪৩৯.৮৮ |
| ১৪ | Proposed Construction of Brick Drain at Amkandi Kabir Mia Land to West side Buchinala Khal Ward no-08, Under Chunarughat Pourashava, Habiganj. | ৩,৯৫,৪৭৬.৯১ |
| ১৫ | a) Proposed Construction of CC Road at Moddha Amkandi Rabeya house to Nuru Uddin house. Ward no-08, Under Chunarughat Pourashava, Habiganj. b) Proposed Construction of CC Road at North Amkandi RCC Road to Jamal Mia's House. Ward no-08, Under Chunarughat Pourashava, Habiganj. | ৫,৮৫,৯৫২.৮১ |
| ১৬ | a) Proposed Construction of CC Road at, Dhaka-Sylhet Old Highway road to Atik Babu house. Ward no-09, Under Chunarughat Pourashava, Habiganj. b) Proposed Construction of CC Road at Pakuria Main Road to Md. Tajul Mia House. Ward no-07, Under Chunarughat Pourashava, Habiganj. | ৪,১১,৩৭৭.৬৩ |
| ১৭ | Proposed Construction of CC Road at Chairman House Road from Peshker Matiur Rahman house to Md. Siddique Driver house end point. Ward no-09, Under Chunarughat Pourashava, Habiganj. | ৩,৪০,৪৫৩.৭৩ |
| ১৮ | Installation of 09 (Nine) Nos. Submersible Tube Well in different Place of Ward no- 1-9, Under Chunarughat Pourashava, Habiganj. | ৬,০৪,৫৭০.৭৭ |
| | **সর্বমোট টাকার পরিমান =** | ৭৯,২৭,৫৪৫.৭০ |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | (গ) কমিটির সদস্য, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জনাব মোঃ মোজাম্মেল হোসেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের লেট্রিন ও ড্রেনসমূহ অতি জরুরীভাবে সংস্কার/পুনঃনির্মানের জন্য সভায় অনুরোধ জানান। তাছাড়া পৌরসভার বিভিন্ন স্থানের ড্রেনের উপর স্ল্যাব না থাকায় প্রায়ই দূর্ঘটনা হয়ে থাকে। দূর্ঘটনা রোধে  জরুরীভাবে স্ল্যাব তৈরী ও স্থাপনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা<br><br>(ঘ) উপ সহকারী প্রকৌশলী জানান পৌরসভার অস্থায়ী ডাম্পিং স্টেশনের রাস্তা দিয়ে বালু/মাটিবাহী ট্রাক/ ট্রাকটর যাতায়াতের কারনে রাস্তাটির অনেক জায়গায় দেবে গেছে এবং বড় বড় গর্ত , খানাখন্দ তৈরী হয়েছে। ফলে পৌরসভার ময়লার নিয়ে গাড়ি ডাম্পিং স্টেশনে পৌছাতে খুবই সমস্যা হচ্ছে। রাস্তাটি জরুরী ভিত্তিতে সংস্কার করা প্রয়োজন। সভায় উল্লেখিত বিষয়সমূহের উপর  বিস্তারিত আলাপ-আলোচনা করা হয়।<br><br>সিদ্ধান্ত ২.১ : চলমান  এডিপি, কোভিড-১৯, ও IUGIP প্রকল্পের আওতায় চলমান বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কাজ গুনগতমান অক্ষুন্ন রেখে  দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>সিদ্ধান্ত ২.২ : ২০২৫-২০২৬ অর্থ বছরের উন্নয়ন সহায়তা (এডিপি) খাতে সাধারণ বরাদ্দ/ বিশেষ বরাদ্ধের অর্থে বাস্তবায়নের জন্য ০১-১৮ নং ক্রমিকে উল্লেখিত প্রকল্প এবং মোট ৭৯,২৭,৫৪৫.৭০ টাকার প্রাক্কলনসমূহ সভায় অনুমোদন করা হলো । প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত দ্রুত দরপত্র আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সিদ্ধান্ত ২.৩ :  Part- 1: Proposed Construction of Chunarughat Upazila Health Complex Hospital Jame Mosque Latrine Ward No- 05, Under Chunarughat Pourashava, Habiganj.<br>Part- 2: Proposed Construction of Drain RCC Slab for Chunarughat Upazila Health Complex and different places in Pourashava Area, Under Chunarughat Pourashava, Habiganj. /- প্রকল্পটি অনুমোদন এবং Total Amount = 4,98,245 টাকার প্রাক্কলন সভায় অনুমোদন করা হয়। প্রকল্পটি পৌর উন্নয়ন তহবিল (এডিপি) এর অর্থে  RFQ পদ্ধতিতে দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সিদ্ধান্ত ২.৪ : MMT এর  আওতায় পৌরসভার রাজস্ব তহবিলের অর্থে  দৈনিক হাজিরা ভিত্তিক শ্রমিক নিয়োগের মাধ্যমে পরিত্যক্ত আরসিসির ভাঙ্গা, ইটের টুকরো/ সুড়কী সংগ্রহ করে  পৌর সভায় ডাম্পিং স্টেশনের রাস্তাটি জরুরী ভিত্তিতে মেরামত/সংস্কারের সিদ্ধান্ত গ্রহন করা হয়। | |
| ০৩ | ময়লা-আবর্জনা পরিস্কার পরিচ্ছন্নকরণ। | হিসবরক্ষণ কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে নিয়োজিত পরিচ্ছন্নকর্মী/দৈনিক হাজিরা ভিত্তিক শ্রমিকগণ ৩টি টিমে ভাগ হয়ে ২টি শিপ্টে ময়লা আবর্জনা পরিস্কারের  কাজ করে যাচ্ছে। ডে শিপ্টে ১টি টিম শহরের উত্তরাংশে (৫টি ওয়ার্ডের) ড্রেনের বর্জ্য, ১টি টিম দক্ষিনাংশের (৪টি ওয়ার্ডের)  ড্রেনের বর্জ্য এবং অন্য ১টি টিম শহরের সকল ডাস্টবিনের ময়লা আবর্জনা অপসারনের কাজ সমপন্ন করছেন।  তাছাড়া নাইট শিপ্টে ২টি টিমে ভাগ হয়ে শহরের রাস্তাঘাট ঝাড়ু দিয়ে পরিস্কার-পরিচ্ছন্নতার কাজ করে যাচ্ছে।  ময়লা আবর্জনা অপসারনের কাজ স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে।<br><br>**সিদ্ধান্ত ৩.১:** নিয়মিত পরিস্কার পরিচ্ছন্নতার কাজ অব্যাহত রাখতে হবে। শহরের যেসকল এলাকার ডাস্টবিন নষ্ট হয়ে গেছে, সেখানে নতুন ডাস্টবিন পুন:স্থাপন করতে হবে। ময়লা আবর্জনার স্তুপে এবং ড্রেন, ডাস্টবিনের আশেপাশে নিয়মিত ব্লিচিং পাউডার ছিটাতে হবে। | ১। প্রশাসক,<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাবরক্ষন কর্মকর্তা। |
| ০৪ | ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ : | সভায় ডেঙ্গুসহ মশাবাহিত বিভিন্ন রোগ প্রতিরোধে নিয়মিত মশক নিধন ঔষধ প্রয়োগের বিষয়ে আলোচনা হয়। হিসাবরক্ষণ কর্মকর্তা জানান যে, পৌর প্রশাসক মহোদয়ের সাথে পরামর্শক্রমে "ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা ২০২৫" অনুসরণ করে ২টি ফগার মেশিন ও ২টি স্প্রে মেশিন | ১। প্রশাসক,<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাবরক্ষন কর্মকর্তা।<br>৩। উপ সহকারী প্রকৌশলী। |



CamScanner

দিয়ে সমগ্র পৌর এলাকায় পালাক্রমে প্রতিদিন (শুক্রবার ব্যতিত) পূর্বাহ্নে লার্ভিসাইড ঔষধ এবং অপরাহ্নে এডাল্টিসাইট ঔষধ ছিটানো হচ্ছে। কমিটির সদস্য জনাব মোহাম্মদ মোজাম্মেল হোসেন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, চুনারুঘাট বলেন- নিয়মিত মশক নিধন ঔষধ ছিটানোর কার্যক্রমটি জনসাধারনের মধ্যে খুবই প্রশংসিত হচ্ছে এবং জনস্বার্থে এ কার্যক্রম অব্যাহত রাখা খুবই জরুরী। "ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা ২০২৫"- এ জানুয়ারী থেকে ডিসেম্বর বছরব্যাপী মশক নিধন কার্যক্রম পরিচালনার নির্দেশনা রয়েছে।

সিদ্ধান্ত : "ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা ২০২৫" অনুসরণ করে নিয়মিত পূর্বাহ্নে লার্ভিসাইড ঔষধ এবং অপরাহ্নে এডাল্টিসাইট ঔষধ প্রয়োগ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

**UGIAP**

সভায় হিসাবরক্ষণ কর্মকর্তা জানান যে IUGIP প্রকল্পের শর্তানুযায়ী প্রকল্পের আওতায় প্রনীত UGIAP এ বর্ণিত কার্যক্রম কার্যক্রমের অংশ হিসেবে পৌরসভার নিজস্ব রাজস্ব বাজেটের আওতায় Gender Equation and Social Inclusion Action Plan (GESIAP) খাতের অর্থ হতে চলতি অর্থবছরে ৪০ জন কে হাঁস-মুরগী পালন বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য ২৬.০১.২০২৬ খ্রিঃ তারিখের সভায় সিদ্ধান্ত গ্রহন করা হয়। উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, চুনারুঘাট আগামী ১২-১৩ এপ্রিল ২০২৬ খ্রিঃ ২ দিন, ৪০ জন দরিদ্র মহিলাকে হাঁস মুরগী পালনের বিষয়ে প্রশিক্ষন প্রদানের সম্মতি দিয়েছেন। উক্ত কর্মসূচী বাস্তবায়নের জন্য ১টি বাজেট প্রনয়ন করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রনালয়, প্রবিধি -২ শাখার ১৪ আগস্ট ২০২৫ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৭১.৩৩.০২১.২০-২৫৩ নং স্মারকে জারীকৃত পত্রের আলোকে প্রশিক্ষন কর্মসূচী বাস্তবায়নের জন্য নিম্নোক্তভাবে বাজেট প্রনয়ন করা হয়।

| ক্রঃ নং | ব্যয়ের খাত | ইউনিট/ সংখ্যা | ইউনিট রেইট | মোট ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | প্রশিক্ষকগণের সম্মানী ২ দিনে মোট ১০টি সেশন | ১০ | ৩,০০০.০০ | ৩০,০০০.০০ | Including ১০% IT |
| ২ | প্রশিক্ষনার্থীগনের সম্মানী (৪০ জন, ২দিন) | ৪০ | ১,০০০.০০ | ৪০,০০০.০০ | |
| ৩ | কোর্স পরিচালকের সম্মানী (প্রশাসক মহোদয়) | ২ | ২,০০০.০০ | ৪,০০০.০০ | |
| ৪ | কোর্স সমন্বয়ক :১জন | ২ | ১,৫০০.০০ | ৩,০০০.০০ | |
| ৫ | রিসোর্স পারসন : ১ জন | ২ | ১,১৫০.০০ | ২,৩০০.০০ | |
| ৬ | সাপোর্ট স্টাফ ৩ জন | ৬ | ৫০০.০০ | ৩,০০০.০০ | |
| ৭ | চা/নাস্তা: মোট ৫০ জন, ২ দিনে ৪ বেলা | ২০০ | ৪০.০০ | ৮,০০০.০০ | Including Vat & IT |
| ৮ | দুপুরের খাবার : দৈনিক মোট ৫০ জন | ১০০ | ৩৫০.০০ | ৩৫,০০০.০০ | |
| ৯ | ব্যানার উদ্বোধনী ও সমাপনী | ২ | ১,০০০.০০ | ২,০০০.০০ | |
| ১০ | ফোল্ডার, প্যাড, কলম ইত্যাদি | ৮৬ | ১২৫.০০ | ১০,৭৫০.০০ | |
| ১১ | আনুষাংগিক ব্যয় | | | ১,৯৫০.০০ | |
| | **সর্বমোট** | | | **১,৪০,০০০.০০** | |

সিদ্ধান্ত : প্রশিক্ষন কর্মসূচী বাস্তবায়নের জন্য উল্লেখিত ১,৪০,০০০/- (এক লক্ষ চল্লিশ) হাজার টাকার বাজেট সভায় অনুমোদন করা হয়। ৪০ জন দরিদ্র মহিলাকে হাঁস-মুরগী ও গবাদী পশু পালনের বিষয়ে আগামী ১২-১৩ এপ্রিল ২০২৬ খ্রিৎ তারিখ ২ দিন ব্যাপী প্রশিক্ষন প্রদান করা হবে। প্রশিক্ষণটি উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তার দপ্তরর প্রশিক্ষকগনের মাধ্যমে সম্পন্ন করা হবে। প্রশিক্ষনের ব্যয় চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য পৌর রাজস্ব তহবিলের Gender Equation and Social

১। প্রশাসক,
২। পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাবরক্ষন কর্মকর্তা।
৩। উপ সহকারী প্রকৌশলী।
৪। মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী



CamScanner

<table>
<tr><td></td><td></td><td>Inclusion Action Plan (GESIAP) খাতের বরাদ্দ হতে মিটানো হবে।</td><td></td></tr>
<tr><td>০৫</td><td>১৪৩৩ বাংলা সনের জন্য হাট বাজার ও অন্যান্য স্থাপনা ইজারার দরপত্র অনুমোদন :</td><td>উপ সহকারী প্রকৌশলী জনাব টিটন দাশ, চুনারুঘাট পৌরসভার নিয়ন্ত্রনাধীন হাট বাজার ও অন্যান্য স্থাপনা ইজারার নিমিত্ত গত ০৩.০৩.২০২৬ খ্রিঃ তারিখে প্রাপ্ত দরপত্র এবং ০৮.০৩.২০২৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত দরপত্র মূল্যায়ন কমিটির সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন্ ।<br><br>প্রাপ্ত দরপত্র ও হাটবাজার দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ নিম্নরূপ :<br><br>
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>স্থাপনার নাম</th><th>সর্বোচ্চ দরপত্র দাতার নাম</th><th>দাখিলকৃত দর</th><th>দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ</th></tr>
<tr><td>১</td><td>চুনারুঘাট সাধারণ বাজার</td><td>মোঃ শাহিনুজ্জামান, পিতা ফোজ আলী, চন্দনা, চুনারুঘাট।</td><td>২২,১১,২৫০/-</td><td>দরপত্রটি অনুমোদনের জন্য সুপারিশকৃত</td></tr>
<tr><td>২</td><td>চুনারুঘাট সরবারি পশুর হাট</td><td>মোঃ জমির হোসেন, পিতা : মোঃ ইয়াদুল হোসেন, সাং চন্দনা , চুনারুঘাট</td><td>৫,৬৩,৫০০/-</td><td>দরপত্রটি অনুমোদনের জন্য সুপারিশকৃত</td></tr>
<tr><td>৩</td><td>উত্তর বাজার দক্ষিণ বাজার পণ্য উঠানামা স্ট্যান্ড</td><td>মোঃ আব্দুল্লাহ হাসান তুহিন, পিতা- আব্দুল মালেক, চন্দনা, চুনারুঘাট।</td><td>৩০,৬১,১৫০/-</td><td>দরপত্রটি অনুমোদনের জন্য সুপারিশকৃত</td></tr>
<tr><td>৪</td><td>মাছ বাজারের পাবলিক টয়লেট</td><td>মোঃ আব্দুল হাই, পিতা মধু মিয়া, আমকান্দি, চুনারুঘাট।</td><td>৪,০১,৫০০/-</td><td>দরপত্রটি অনুমোদনের জন্য সুপারিশকৃত</td></tr>
<tr><td>৫</td><td>উত্তর বাজার কসাইখানা</td><td>মোঃ কুতুব আলী মীর, পিতা মর্তুজ আলী মীর, হাতুন্ডা, চুনারুঘাট</td><td>১,৬৫,০০০/-</td><td>দরপত্রটি অনুমোদনের জন্য সুপারিশকৃত</td></tr>
</table>
<br>উল্লেখিত দরপত্রসমূহ এবং দরপত্র মূল্যায়ন কমিটি সভার কার্যবিবরনী সভায় পর্যালোচনা করা হয় এবং সরকারি হাট-বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা ২০২৫ অনুযায়ী যথাযথ থাকায় দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ অনুযায়ী উল্লেখিত দরপত্রসমূহ অনুমোদনের পক্ষ্যে সকলেই একমত পোষন করেন।<br><br>সিদ্ধান্ত : হাট বাজার ইজারার দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ অনুযায়ী উল্লেখিত ৫টি হাট বাজার/ স্থাপনার দরপত্র অনুমোদন করা হলো।</td><td>১। প্রশাসক,<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাবরক্ষন কর্মকর্তা।<br>৩। উপ সহকারী প্রকৌশলী।</td></tr>
<tr><td>০৬</td><td>বিবিধ ১ :</td><td>(ক) সভাপতি জানান যে, মহান স্বাধীনতা দিবস'২০২৬ উপলক্ষ্যে চুনারুঘাট উপজেলা প্রশাসন কর্তৃক গৃহীত কর্মসূচীসমূহ যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত আর্থিক সহযোগিতা করার অনুরোধ জানিয়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চুনারুঘাট কর্তৃক প্রশাসক চুনারুঘাট পৌরসভা বরাবর আবেদন করা হয়। আবেদনের প্রেক্ষিতে উপজেলা প্রশাসন কর্তৃক গৃহীত কর্মসূচীসমূহ যথাযথভাবে বাস্তবায়নের স্বার্থে =৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা অনুদান প্রদান করা হয়। প্রদত্ত অনুদানের ব্যয়োত্তর অনুমোদনের জন্য তিনি সভায় প্রস্তাব করেন।<br><br>(খ) সভায় পৌরসভার পানি সরবরাহের গাড়ির জন্য ১২ ভোল্টের ১টি ব্যাটারী ক্রয় এবং বৈদ্যুতিক কাজে নিয়োজিত গাড়ির বডি পুনঃনির্মানের বিষয়ে সভায় বিস্তারিত। আলাপ আলোচনা করা হয়। আলোচনান্তে জরুরীভিত্তিতে ১টি ব্যাটারী ও বৈদ্যুতিক কাজে নিয়োজিত ট্রাকেটির বডি সংস্কার/ পুনঃনির্মানের বিষয়ে সকলেই একমত পোষন করেন।</td><td>১। প্রশাসক,<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাবরক্ষন কর্মকর্তা।<br>৩। উপ সহকারী প্রকৌশলী</td></tr>
</table>



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | সিদ্ধান্ত ৬.১ : মহান স্বাধীনতা দিবস'২০২৬ উদযাপনের ব্যয় নির্বাহের জন্য প্রদত্ত =৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা অনুদানের ব্যয়োত্তর অনুমোদনের করা হলো।<br><br>সিদ্ধান্ত ৬.২ : পৌর রাজস্ব তহবিলের অর্থে পৌরসভার পানি সরবরাহের গাড়ির জন্য ১টি ১২ ভোল্টের ব্যাটারী ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়<br><br>সিদ্ধান্ত ৬.২ : পৌর রাজস্ব তহবিলের অর্থে বৈদ্যুতিক কাজে নিয়োজিত ট্রাকটির বডি সংস্কার/ পুনঃনির্মানের এবং সার্ভিসিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তী ঘোষনা করেন।

(মোঃ জিয়াউর রহমান)
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা।

স্মারক নং : চুঃপৌঃ/প্রশাঃ/২০২৬/ তারিখ :

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরন করা হলো :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৩। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, চুনারুঘাট, হবিগঞ্জ।
৬। সদস্য (সকল) পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তার জন্য গঠিত কমিটি, চুনারুঘাট পৌরসভা।
৭। বিভাগ প্রধান/ শাখা প্রধান (সকল) চুনারুঘাট পৌরসভা, হবিগঞ্জ।
৮। জনাব ..........................................................................
৯। অফিস নথি।

(মোঃ জিয়াউর রহমান)
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা।



CamScanner